

ঢাকা ওয়াসা

বিষয়: "Corruption and Its Preventive Measures"-শীর্ষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

০১। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৫-২৬ অর্থ বছরের জন্য প্রণীত এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় "Corruption and Its Preventive Measures"-শীর্ষক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে। ঢাকা ওয়াসার চলমান প্রকল্প গুলোর কার্যক্রম স্বচ্ছ ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করার লক্ষ্যে দুর্নীতি ও ইহার প্রতিরোধে গৃহীত পদক্ষেপ সম্পর্কে অবহিত করার জন্য প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে প্রকল্পে অর্থায়নকারী উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের তাগিদ রয়েছে। ঢাকা ওয়াসার চলমান প্রকল্পে অর্থায়নকারী উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের নির্দেশনার আলোকে প্রকল্পসমূহে কর্মরত নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলীদের জন্য উক্ত প্রশিক্ষণ ২ ব্যাচে যথাক্রমে আগামী ০২ মার্চ ২০২৬ তারিখে ১ম ব্যাচ এবং ০৪ মার্চ ২০২৬ তারিখে ২য় ব্যাচ অথবা সুবিধাজনক সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে সকাল ০৯.০০ হতে বিকাল ০৩.০০ পর্যন্ত সময়ে আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণের দুই ব্যাচে অংশগ্রহণের জন্য প্রস্তুতকৃত (২১+২৫)=৪৬ জন অংশগ্রহণকারীর তালিকা (সংযুক্তি-৭) এবং খসড়া কর্মসূচী (সংযুক্তি-৮) সদয় হয়ে দেখা যেতে পারে। প্রশিক্ষণটিতে ঢাকা ওয়াসা এবং দুর্নীতি দমন কমিশন হতে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের বক্তা হিসেবে আমন্ত্রণ জানানো হবে।

০২। ২ দিন মেয়াদী ৪৬ (ছেচল্লিশ) জনের জন্য উক্ত ০২ (দুই) ব্যাচ প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৩৬,০০০/-	(৫ সেশন ৩,৬০০/- টাকা হারে) × ২ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৩৬,৮০০/-	২ ব্যাচের (২১+২৫)= ৪৬ জন ৮০০/- হারে
(গ) কোর্স পরিচালকের সম্মানী	৪,০০০/-	২,০০০/- টাকা হারে দুই ব্যাচের ২ দিন
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৩,০০০/-	১,৫০০/- টাকা হারে দুই ব্যাচের ২ দিন
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	৬,০০০/-	৩ জন ১,০০০/- টাকা হারে দুই ব্যাচের ২ দিন
(চ) খাবার ভাতা (সরকার নির্ধারিত হারে রমজান মাসের জন্য)	২৮,০০০/-	সাপোর্টিং স্টাফসহ ১ম ব্যাচের জন্য ২৬ জন এবং ২য় ব্যাচের জন্য ৩০ জন মোট ৫৬ জন ৫০০/- টাকা হারে
(ছ) ব্যাগ, নোটবুক ও কলম	১৮,৪০০/-	দুই ব্যাচের ৪৬ সেট ৪,০০/- টাকা হারে
(জ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	৮,০০০/-	দুই ব্যাচের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=১,৪০,২০০/-	(কথায়ঃ টাকা এক লক্ষ চল্লিশ হাজার দুইশত মাত্র)

০৩। এমতাবস্থায়, উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লেখিত ৪৬ (ছেচল্লিশ) জন কর্মকর্তার মনোনয়ন, প্রশিক্ষণ কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের "প্রশিক্ষণ ফি" খাতের বরাদ্দ হতে সর্বমোট =১,৪০,২০০/- (এক লক্ষ চল্লিশ হাজার দুইশত মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

মোঃ খায়রুল বাশার
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চ: দাঃ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

প্রশিক্ষণ কেন্দ্র
ঢাকা ওয়াসা
তারিখ: ০২/০২/২৬
সং: ৩৮/০২/২৬

DMD (HR & Admin) / ETO

০২/০২/২৬
ETO

১৪/০২/২০২৬

ব্যবস্থাপনা পরিচালক
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।